আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
ANSAR-VDP UNNAYAN BANK

আইসিটি বিভাগ

তারিখ: ২৩-০২-২০২৩

বিষয়ঃ উদ্ভাবনী ধারনা-সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing) এর Demonstration সভার কার্যবিবরণী

উপব্যবস্থাপনা পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব ওয়াহিদা বেগম মহোদয়ের সভাপতিত্বে ২৩-০২-২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দের উপস্থিতিতে উদ্ভাবনী ধারনা-সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing) এর Demonstration সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

২। **আলোচনার বিষয়ঃ** উদ্ভাবনী ধারনা- সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing)

৩। **অনুষ্ঠিত আলোচনাঃ** ইনোভেশন টিমের সভাপতি ও উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ৩০-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ সভায় গৃহীত "সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing) Module-এ আগামী ২৩-০২-২০২৩ তারিখের মধ্যে অত্র ব্যাংকের দু'টি শাখার Real Data সন্নিবেশ করে Demonstration করণ" সিদ্ধান্ত মোতাবেক সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্রকার সভায় বর্ণিত উদ্ভাবনী ধারনাটি পুন:রায় যুগ্মভাবে উপস্থাপন করেন ধারনা বাস্তবায়নকারী জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব (৬০৯), প্রোগ্রামার, আইসিটি বিভাগ ও ধারনা প্রদানকারী জনাব মোঃ আব্দুল লতিফ (৬৮০), সিনিয়র প্রিন্সিপাল অফিসার, কেন্দ্রীয় হিসাব বিভাগ। Demonstration পর আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনা করা হয়।

৪। **সভার সিদ্ধান্তঃ** আগামী ০৪-০৫-২০২৩ তারিখের মধ্যে চূড়ান্তকৃত উদ্ভাবনী ধারণা/ ধারণাসমূহের সফলভাবে বাস্তবায়ন এবং পরবর্তীতে এ সংক্রান্ত প্রমাণাদি মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। তারই ধারাবাহিকতা রক্ষার স্বার্থে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- এপ্রিল, ২০২৩ এর ভেতর সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing) এর সফল বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing) এর পাইলটিং এর জন্য আওতাধীন নন-সিবিএস ও অপেক্ষাকৃত নতুন শাখার পরিমাণ বিবেচনায় অত্র ব্যাংকের কুষ্টিয়া অঞ্চলকে নির্বাচন করা হলো।
- নির্বাচিত শাখাসমূহের ২৮-০২-২০২৩ তারিখ ভিত্তিক আমানত ও ঋণ হিসাবসমূহের Real Data ০৯-০৩-২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
- সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing) Module-এ বর্ণিত Data সন্নিবেশ করে আগামী ১৪-০৩-২০২৩ তারিখের মধ্যে ইনোভেশন টিমের নিকট Demonstration করতে হবে।
- সংগঠিতব্য ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত এবং এই সংক্রান্ত পরিকল্পনাসমূহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ২৩-০৩-২০২৩ তারিখের মধ্যে অবহিত করতে হবে।
- বর্ণিত পাইলটিং কাজকে সফল ও অর্থবহ করার লক্ষ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক বরাবর তার করনীয় সমূহ বর্ণনা করে একটি পত্র প্রেরণ করতে হবে।

৫। **বাস্তবায়নকারী বিভাগঃ** ইনোভেশন কমিটি ও আইসিটি বিভাগ।

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

23/02/2023
মোঃ সাজ্জাদ হোসেইন তামিম
প্রিন্সিপাল অফিসার
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

23/02/26
তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য সচিব, ইনোভেশন টিম

23/02/2026
মোঃ আব্দুল লতিফ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

23/02/26
মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

২৩.০২.২০২৩
বাদল চন্দ্র দেবনাথ
উপমহাব্যবস্থাপক ও সচিব, পরিচালনা বোর্ড
ও সদস্য, ইনোভেশন টিম

23/02/26
জেড. এম হাফিজুর রহমান
মহাব্যবস্থাপক
অপারেশন,নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

26.02.2026
ওয়াহিদা বেগম
উপব্যবস্থাপনা পরিচালক
এবং
ইনোভেশন অফিসার